

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৯১০০.০৪২.১৪.০৬৩.১৮(অংশ-১).৮৬৯

তারিখ : ২৯ বৈশাখ ১৪৩৩  
১২ মে ২০২৬


**বিষয় :** ২০২৫-২৬ অর্থবছরে সিলেট জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫৭.১৪২৬৩ লক্ষ (সাতান্ন লক্ষ চৌদ্দ হাজার দুইশত তেষষ্টি) টাকা প্রাক্কলিত ব্যয়ে মোট ৫টি প্রকল্প অনুমোদন।

সূত্র : ১. স্মারক নম্বর : ৪৬.৬০.৯১০০.০০০৭.৩৩.০২৯.২৫-৫২৮; তারিখ : ৩০/১১/২০২৫ খ্রি.,  
২. স্মারক নম্বর : ৪৬.৬০.৯১০০.০০০৭.৩৩.০২৯.২৫-৫৪২; তারিখ : ০৮/১২/২০২৫ খ্রি.,  
৩. স্মারক নম্বর : ৪৬.৬০.৯১০০.০০১.১৪.০৮৮.২৫-৪০২; তারিখ : ২৭/১০/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে সিলেট জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫৭.১৪২৬৩ লক্ষ (সাতান্ন লক্ষ চৌদ্দ হাজার দুইশত তেষষ্টি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩নং সূত্রোক্ত পত্রের প্রকল্প তালিকার ক্রমিক ১৫, ১৬, ১৭, ৮৯ ও ৯৮-এ উল্লিখিত প্রকল্প নিম্নোক্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

**শর্তাবলি:**

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রয়োজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়ন: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব  
ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইল : lgzp@lgd.gov.bd

**বিতরণ :**


১. প্রশাসক, জেলা পরিষদ, সিলেট;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।

স্মারক নম্বর : ৪৬.০০.৯১০০.০৪২.১৪.০৬৩.১৮(অংশ-১).৮৬৯/১(৭)

তারিখ : ২৯ বৈশাখ ১৪৩৩  
১২ মে ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব